

## ডেমক্রেসিওয়াচের মানবাধিকার বিষয়ক মাসিক প্রতিবেদন

### সেপ্টেম্বরে সারা দেশে খুন ১৯৫, ধর্ষণ ১০ ও সাংবাদিকদের উপর হামলা ৩

ঢাকা, ৩০ সেপ্টেম্বর ২০১০... বেসরকারী মানবাধিকার সংস্থা ডেমক্রেসিওয়াচের মানবাধিকার সেল ১-৩০ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় সংবাদপত্রে প্রকাশিত দেশের আইন-শৃংখলা ও মানবাধিকার সংক্রান্ত সংবাদপত্রে প্রকাশিত রিপোর্টসমূহ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে আসছে। যে সব বিষয় বা ঘটনা পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হয় তাহলো : খুন, সামাজিক সংঘর্ষ, ধর্ষণ, এসিড নিক্ষেপ, আত্মহত্যা, নিখোঁজ ও অপহরণ, ইভটিজিং, আইন শৃংখলা বাহিনী কর্তৃক মানবাধিকার লংঘন, গ্রেফতার ফাঁসি ও জরিমানা, আদিবাসী এবং সাংবাদিক নির্যাতন ইত্যাদি। এই রিপোর্টে সেপ্টেম্বর ২০১০ এ সারাদেশে সংঘটিত প্রকাশিত আইন-শৃংখলা ও মানবাধিকার লংঘনের ঘটনাবলীর একটি সার-সংক্ষেপ তুলে ধরা হয়েছে।

#### প্রাপ্ত তথ্য:

**খুন:** সেপ্টেম্বর মাসে (সারা দেশে সন্ত্রাসী হামলা, ডাকাতি, জমি নিয়ে বিরোধ, সম্পত্তি নিয়ে মারামারি ও দলাদলি, যৌতুক, ধর্ষণ, এসিড নিক্ষেপ, ক্রসফায়ার, রিমান্ড, নিখোঁজ ও অপহরণ ইত্যাদি) সর্বমোট খুন হয় ১৯৫ জন। এর মধ্যে পুরুষ ১৩৩, মহিলা ৪৪ ও শিশু রয়েছে ১৮ জন।

**ধর্ষণ:** সেপ্টেম্বর মাসে সারা দেশে ১০ টি ঘটনায় ১০ জন ধর্ষনের শিকার হয়। এর মধ্যে ২ জন খুন হয় ও ১ জন আত্মহত্যা করে। নিহতদের মধ্যে আছেন বাগেরহাটের ৩য় শ্রেণীর ছাত্রী লিজা ও ময়মনসিংহের ১ তরুণী। এছাড়া নোয়াখালীতে ৪ র্থ শ্রেণীর ছাত্রী পলি আত্মহত্যা করে। বাকি ঘটনাগুলো ঘটে লালমনিরহাট, বড়বাড়িয়া, নাটোর, নিকলী, আড়াইহাজার, মাদারীপুর, নারায়নগঞ্জ, দিনাজপুর, যশোর ও টাঙাইলে।

**এসিড নিক্ষেপ:** সেপ্টেম্বর মাসে এসিড নিক্ষেপের ঘটনা ঘটে ১টি। এসিড নিক্ষেপের ঘটনায় গাইবান্ধায় মা ও ২ মেয়ে আহত হন। প্রেমে ব্যর্থতার কারণে এসিড নিক্ষেপের ঘটনা ঘটেছে বলে জানা যায়। আহতরা হলেন মা রাজিয়া সিদ্দিকা (৪২), মেয়ে রেহেনা (২২) ও রুমা (১৪)।

**আত্মহত্যা :** সেপ্টেম্বর মাসে সারা দেশে আত্মহত্যা করে ৩২ জন। এর মধ্যে রয়েছেন ২৪ নারী ও ৮ পুরুষ। ঢাকা, বগুড়া, গাইবান্ধা, ময়মনসিংহ, লালমনিরহাট, ঠাকুরগাঁও, ঝালকাঠি, নরসিংদি, সাতক্ষিরা, নিলফামারি, সিলেট ও চট্টগ্রামে এই ঘটনা ঘটে। যৌতুক, পারিবারিক দ্বন্দ্ব, ধর্ষণ ও অসুস্থতার কারণে এই আত্মহত্যার ঘটনা ঘটেছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়।

**যৌতুক :** সেপ্টেম্বর মাসে সারা দেশে যৌতুকের নির্যাতনের ঘটনা ঘটে ১৫টি। এ সব ঘটনায় নিহত হন ৯ জন ও আহত হন ৬ নারী। যৌতুকের নির্মম নির্যাতনে যারা নিহত হন তারা হলেন মুন্সিগঞ্জের জাকিয়া হাবিব, রূপগঞ্জের ফারহানা, যশোরের ফাতেমা, রাজশাহীর স্বাধীনা বেগম, ঢাকার মুক্তি, গাজিপুরের তহরা বেগম, ফরিদা আক্তার, চট্টগ্রামের সাদেকা ও নারায়নগঞ্জ এর রেশমা।

**অপহরণ ও উদ্ধার:** সেপ্টেম্বর মাসে সারাদেশে ৬টি অপহরণের ঘটনা ঘটে। এর মধ্যে ৪ জনকে পুলিশের সহায়তায় উদ্ধার করা হয়। ৪ জনের লাশ উদ্ধার করা হয়। বাকিরা এখনো উদ্ধার হয়নি।

**সাংবাদিকদের উপর হামলা :** সেপ্টেম্বর মাসে ৩টি ভিন্ন ঘটনায় ৬ জন সাংবাদিকের উপর হামলা হয়। রংপুরে আওয়ামী লীগ কর্মীদের হাতে ছুরিকাঘাতে আহত হন যুগান্তরের রংপুর প্রতিনিধি মাহবুব রহমান, কুমিল্লা শহরে স্থানীয় দুই বাহিনীর মধ্যে সংঘর্ষের ছবি তোলায় জন্য স্থানীয় দৈনিকের ফটো সাংবাদিক বাহার রায়হান, এন কে রিপন, হুমায়ুন কবির ও দেলোয়ার হোসেন জাকিরের উপর হামলা চালায় আজগর গ্রুপ, ঢাকার খিলগাঁও এলাকায় দৈনিক সমকালের স্টাফ রিপোর্টার এস এম মুন্নার বাড়িতে জমি দখলের উদ্দেশ্যে হামলা করে প্রতিবেশী হায়দার আলী।

**আদিবাসীদের উপর হামলা :** সেপ্টেম্বর মাসে ভূমিদস্যুদের হামলায় আহত হন নওগাঁর বিশ্বনাথ হেমব্রম, লুবিন মারাভি ও লক্ষীরাম মরম। এছাড়া টাঙাইলের সখীপুরে ১ জন আদিবাসী মুক্তিযোদ্ধার কন্যাকে সন্ত্রাসীরা ধর্ষণ করে।